

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৮৪৮

२०. रेष्ज (حتاب الحج)

পরিচ্ছেদঃ ৪৭. হাদীয় পশু যদি মরিয়া যায় বা হারাইয়া যায় তবে কি করিতে হইবে

بَابِ الْعَمَلِ فِي الْهَدْيِ إِذَا عَطِبَ أَوْ ضَلَّ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابٍ أَنَّهُ قَالَ مَنْ أَهْدَى بَدَنَةً جَزَاءً أَوْ نَذْرًا أَوْ هَدْيَ تَمَتُّعٍ فَأَصِيبَتْ فِي الطَّرِيقِ فَعَلَيْهِ الْبَدَلُ فَأَصِيبَتْ فِي الطَّرِيقِ فَعَلَيْهِ الْبَدَلُ وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّهُ قَالَ مَنْ أَهْدَى بَدَنَةً ثُمَّ ضَلَّتْ أَوْ مَاتَتْ فَإِنَّهَا إِنْ كَانَتْ نَدْرًا أَبْدَلَهَا وَإِنْ شَاءَ تَركَهَا وَحَدَّتَنِي عَنْ مَالِك أَنَّهُ سَمِعَ أَهْلَ الْعِلْمِ يَقُولُونَ لَا يَأْكُلُ صَاحِبُ الْهَدْيِ مِنْ الْجَزَاءِ وَالنَّسُكِ

## বাংলা

রেওয়ায়ত ১৫৩. ইবন শিহাব (রহঃ) হইতে বর্ণিত, তিনি বলিয়াছেনঃ কাফফারা, মানত বা হজ্জে তামাতু'র কুরবানীর উট লইয়া রওয়ানা হওয়ার পর পথে যদি মারা যায় বা নষ্ট হইয়া যায় তবে ইহার পরিবর্তে আরেকটি উট কুরবানী দিতে হইবে।

নাফি' (রহঃ) হইতে বর্ণিত, আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ) বলিয়াছেনঃ কুরবানীর পশু পথে মারা গেলে বা হারাইয়া গেলে উহা মানতের হইয়া থাকিলে ইহার পরিবর্তে আরেকটি কুরবানী দিতে হইবে, আর নফলী হইয়া থাকিলে আরেকটি কুরবানী দেওয়া না দেওয়া মালিকের ইচ্ছাধীন থাকিবে।

মালিক (রহঃ) বলেনঃ তিনি বিজ্ঞ আলিমগণকে বলিতে শুনিয়াছেন, শাস্তিস্বরূপ অথবা ইহরামের পরিপন্থী পরিচ্ছন্নতা ও আরাম-আয়েশ গ্রহণ করার দরুন যে হাদয়ী (কুরবানী) ওয়াজিব হয় উহা হইতে কুরবানী প্রদানকারী আহার করিবে না।

## **English**

Yahya related to me from Malik that Ibn Shihab said, "If someone dedicates



an animal as compensation, or for a vow, or as the sacrifice for tamattu, and misfortune befalls it on the road, he must provide a substitute."

Yahya related to me from Malik from Nafi that Abdullah ibn Umar said, "If someone dedicates an animal and then it goes astray or dies, he should provide a substitute, if it was for a vow. If, however, it was voluntary, then he can either provide a substitute for it or not, as he wishes."

Yahya related to me from Malik that he had heard the people of knowledge say, "Someone who dedicates a sacrificial animal for compensation or as part of the hajj should not eat from it."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন